

82029 - আরাফার ময়দানে অবস্থান করার জন্য পবিত্রতা শর্ত নয়

প্রশ্ন

প্রশ্ন: কোন হাজীসাহেব তাওয়াফ কিংবা আরাফার উদ্দেশ্যে বের হওয়ার পর যদি তার বায়ু নির্গত হয় তখন তার করণীয় কী?

প্রিয় উত্তর

এক:

জমহুর আলেমের মতে, পবিত্রতা ছাড়া তাওয়াফ শুদ্ধ হবে না। 34695 নং প্রশ্নোত্তরে এ মাসয়ালায় আলেমগণের ইখতিলাফ আলোচনা করা হয়েছে। অতএব, তাওয়াফে যাওয়ার সময় যার ওজু ভেঙ্গে গেছে তিনি ওজু করে নিবেন; এরপর তাওয়াফ শুরু করবেন। এটি উত্তম এবং সাবধানতা রক্ষামূলক রায়।

দুই:

উকুফে আরাফা বা আরাফার ময়দানে অবস্থানের জন্য পবিত্রতা শর্ত নয়। অতএব, হাজীসাহেব ওজু ছাড়া আরাফার ময়দানে অবস্থান করতে পারেন। শুধু নামাযের জন্য ছাড়া ওজু করা তার উপর অপরিহার্য নয়। আলেমগণ এ ব্যাপারে একমত যে, ঋতুবতী নারী ও গোসল ফরজ হয়েছে এমন ব্যক্তির আরাফায় অবস্থান করাও শুদ্ধ।

ইমাম নববী 'আল-মাজমু' কিতাবে (৮/১৪০) বলেন: ইবনুল মুনযির বলেন: "আলেমগণ এ ব্যাপারে ইজমা করেছেন যে, অপবিত্র অবস্থা নিয়ে নারী বা পুরুষের আরাফায় অবস্থান শুদ্ধ হবে। যেমন- জুনুব (যার উপর গোসল ফরজ হয়েছে) ও হয়েযগস্ত নারী।

সমাপ্ত

তবে আরাফায় অবস্থানকারীর জন্য ছোট অপবিত্রতা ও বড় অপবিত্রতা থেকে মুক্ত থাকা মুস্তাহাব। কারণ আরাফায় অবস্থানকারী আল্লাহর যিকির (স্মরণ) করবে। আল্লাহর যিকিরকালে ওজু থাকা মুস্তাহাব।

দেখুন: কাশশাফুল কিনা (২/৪৯৪)

আল্লাহই ভাল জানেন।